

‘নিরক্ষরতা দূরীকরণে সরকার যুগান্তকারী পদক্ষেপ নিয়াছে’

চট্টগ্রাম অফিস ॥ শ্রম ও কর্ম-
সংস্থান মন্ত্রী এম এ হামিদ গত ২৩শে
ডিসেম্বর স্থানীয় সাক্ষিট হাউজে
নগরীর শিক্ষা প্রতিষ্ঠান সমূহের শিক্ষক
ও চট্টগ্রাম বিভাগের জেলা শিক্ষা

কর্মকর্তাদের সহিত মত বিনিময়কালে
বলেন, মানব সম্পদ উন্নয়ন এবং
জাতি গঠনে শিক্ষার বিকল্প নাই।
শিক্ষাঙ্গনের সুষ্ঠু পরিবেশ বজায়
রাখিয়া লেখা পড়ার মান বৃদ্ধির জন্য
শিক্ষক সমাজকে আরও সক্রিয়
ভূমিকা পালন করিতে হইবে। তিনি
বলেন, দেশকে সমৃদ্ধশালী করিতে
দারিদ্র্য বিমোচন এবং নিরক্ষরতা
দূরীকরণের লক্ষ্যে সরকার যুগান্তকারী
পদক্ষেপ নিয়াছে। এলক্ষ্য বাস্তবায়নে
সরকার সর্বোচ্চ বরাদ্দ দিয়াছে।
তিনি গণতান্ত্রিক পরিবেশে ছাত্র
শিক্ষকের মাঝে সেতু বন্ধন সৃষ্টি
করিয়া শিক্ষার ব্যাপক প্রসার ঘটানোর
জন্য শিক্ষক সমাজের প্রতি আহ্বান
জানান।

মন্ত্রী বলেন, বিগত অর্ধ বছরে
চট্টগ্রাম মহানগর ও চট্টগ্রাম জেলার
বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ২০ কোটি
টাকা ব্যয়ে ১৪টি কলেজ, ৪৩টি
বেসরকারী উচ্চ বিদ্যালয় এবং ১১টি
মাদ্রাসার একাডেমিক ভবন নির্মাণ
করা হইয়াছে। চলতি অর্ধ বছরে

আরও ১০ কোটি টাকার প্রকল্পের
কাজ হাতে নেওয়া হইয়াছে এবং
পর্যায়ক্রমে সকল শিক্ষা প্রতিষ্ঠানের
উন্নয়নে আরও ১০ কোটি টাকার
প্রকল্প গ্রহণ করা হইবে। মতবিনিময়
সভায় অন্যান্যের মধ্যে চট্টগ্রাম শিক্ষা

বোর্ডের চেয়ারম্যান ডঃ এনায়েতুর
রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক
(উন্নয়ন) আহমদ হোসাইন, কলেজ
ও বিদ্যালয় সমূহের অধ্যক্ষ ও প্রধান
শিক্ষকবৃন্দ এবং শিক্ষা কর্মকর্তারা
উপস্থিত ছিলেন।